**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 29 Aug. 26** **TIME: 7:35 AM**

---

নেপালে বিধ্বংসী হড়পা বানে মৃতের সংখ্যা বৃদ্ধি পেয়ে ৫শো ৭৯ জনে দাড়িয়েছে। । সীমান্তের দুপারে এখনও ১ হাজার ৫শো ৪৫ জনেরও অধিক লোক নিখোজ রয়েছেন । জলের স্রোতে ভেসে যাওয়া মৃতদেহ এবং আটকে পড়া লোকেদের সন্ধানে উদ্ধারকারী দল তল্লাশী অভিযান অব্যাহত রেখেছে । এদিকে , ভোতেকোশী নদীর উৎসমুখে নতুন করে কৃত্রিম হ্রদ তৈরী হওয়ার সম্ভাবনা দেখা দেওয়ায় ওই অঞ্চলের জনমানসে উদ্বেগের সৃষ্টি হয়েছে । কোনভাবে নদীর উৎসমুখ ভেঙ্গে পড়লে ভোতেকাশী নদীতে পুনরায় জলস্তর বৃদ্ধি হতে পারে , এই উদ্বেগের ফলে ওইসব ক্ষতিগ্রস্থ অঞ্চলে উদ্ধারকার্য বিঘ্নিত হচ্ছে । নেপালের নিরাপত্তা কর্মীরা এ পর্যন্ত বিপর্যস্ত জেলাগুলি থেকে ৮শোর বেশী মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়েছে । ভারতের বৈদেশিক মন্ত্রনালয় নেপালে সন্ধানহীন লোকেদের মধ্যে ২শো ৯০ জন ভারতীয় নাগরিক রয়েছেন বলে প্রকাশ করেছে । মন্ত্রক আরো জানিয়েছে যে নেপালে এ পর্যন্ত ৮৪ জন ভারতীয় নাগরিককে উদ্ধার করা সম্ভব হয়েছে । বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সোয়াল জানিয়েছেন যে ২শো ৮৮ জন ভারতীয়র সঙ্গে এখনও যোগাযোগ করা সম্ভব হয় নি ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতিমধ্যেই নেপালের প্রধানমন্ত্রী বলেন্দ্র  শাহের সঙ্গে টেলিফোনে কথা বলে সব ধরণের সহায়তা প্রদান করার আশ্বাস দিয়েছেন ।

আসাম সরকার বন্যার ফলে নেপাল এবং তিব্বত সীমান্তে আটকে পড়া রাজ্যের লোকেদের সহায়তার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে । আটকে পড়া লোকেদের দ্রুত সহায়তা করার জন্য আসাম সরকার এবং আসাম রাজ্য দূর্যোগ মোকাবিলা বাহিনী জরুরী হেল্প লাইন এবং একটি কন্ট্রোল রুম চালু করেছে । আসাম ষ্টেট ইমারজেন্সি অপারেশন সেন্টার এবং নতুন দিল্লীর আসাম ভবণের পক্ষ থেকে ২৪ ঘন্টা সহায়তা প্রদান করা হচ্ছে । টোল ফ্রি জরুরী নম্বরগুলি হচ্ছে ১০৭০-১০৭৯-১১ , ০৩৬১২-২৩৭২১৯ এবং ০৯৪০১০৪৪৬১৭ ।

..................................................................................................................................

গুয়াহাটী থেকে দুবাই ও আবুধাবি সরাসরি বিমান পরিসেবা আরম্ভ হওয়ার পর আগামী ২৭ শে অক্টোবর থেকে গুয়াহাটী এবং থাইলেন্ডের বেংককের মধ্যেও সরাসরি বিমান পরিসেবা আরম্ভ করা হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল সামাজিক মাধ্যমে একথা জানান ।তিনি  বলেন যে ইন্ডিগো বিমান সেবার মাধ্যমে গুয়াহাটি বেংকক সরসরি যোগাযোগ স্থাপন করা হবে । এই পদক্ষেপের মাধ্যমে পর্যটন , বানিজ্য ক্ষেত্রে নতুন দিগন্তের সূচনা হবে বলে তিনি মন্তব্য করেন ।

..................................................................................................................................

চলতি বছরের জুন মাসে ৮৪ টি বিষয়ের জন্য অনুষ্ঠিত ইউ জি সি ন্যাশনেল এলিজিবিলিটি টেস্ট ( নেটের ) ফলাফল ঘোষণা করা হয়েছে । ৪ হাজারেরও বেশি প্রার্থী জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য যোগ্যতা অর্জন করেছে । উল্লেখ্য একটি বিশেষজ্ঞ কমিটি প্রশ্নপত্রে তথ্যগত ,ভাষা ,মুদ্রণ ইত্যাদি ক্ষেত্রে ত্রুটি

খুঁজে পাবার পর  এন টি এ চলতি বছরের জুন মাসে ইংরেজী ,বাণিজ্য এবং সমাজ বিজ্ঞান বিষয়ে এর আগে পরীক্ষায় বসা প্রার্থীদের জন্য নতুন করে পরীক্ষা নেবার নির্দেশ দিয়েছিলো ।

............................................................................................................

লামডিং - বদরপুর সেকশনের নিউ হারাঙ্গাজাও ষ্টেশনের পার্শবর্তী রেলওয়ে ট্রেক নম্বর এক এবং দুই-এর মেরামতী কাজ এখনও অব্যাহত থাকায় যাত্রী সুরক্ষার কথা বিবেচনা করে ওই রুটে চলাচলকারী গৌহাটি - দুল্লভছড়া এক্সপ্রেস  এবং গৌহাটি - শিলচর - এক্সপ্রেস ট্রেন দুটির যাত্রা আজকের জন্য বাতিল করা হয়েছে । এছাড়াও দুল্লভছড়া - গৌহাটি এবং শিলচর - গৌহাটি এক্সপ্রেস ট্রেন দুটির যাত্রা আগামীকালের জন্য বাতিল করা হয়েছে
বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কাপিঞ্জাল কিশোর শর্মা এক প্রেসবার্তায় জানিয়েছেন ।

............................................................................................................

শ্রীভূমি জেলার পাথারকান্দি কলেজের শিক্ষার্থীদের জন্য আয়োজিত বিশেষ শিক্ষানবীশ কর্মশালা গতকাল শ্রীভূমির আকবরপুর কৃষি বিজ্ঞান কেন্দ্রে সম্পন্ন হয়েছে । গত ১০ই আগষ্ট থেকে শুরু হওয়া ১৭ দিনের এই কর্মসূচীতে মোট ১৭ জন শিক্ষার্থী অংশ গ্রহন করেন । কর্মশালায় কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রধান ডক্টর পুলকাভ চৌধুরী পরিচালক হিসেবে শিক্ষার্থীদের বাস্তব অভিজ্ঞতা সর্ম্পকে অবগত করান । বৃহস্পতিবার সমাপ্তী  কর্মশালার অনুষ্ঠানে ডক্টর পূরবী তামুলী ফুকন , ডক্টর জয়শিখ সনোয়াল , ডক্টর ঋতুরঞ্জন তায়ে প্রমূখ বক্তব্য রাখেন ।

............................................................................................................

হাইলাকান্দি জেলার লালায় আগামী পয়লা সেপ্টেম্বর লায়ন্স আই হসপিটালের উদ্বোধন করা হবে । লায়ন্স ক্লাব অব লালা এবং লায়ন্স আই হাসপাতাল ট্রাষ্টের পক্ষ থেকে গতকাল লালায় আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানানো হয় যে স্থানীয় মানুষের কাছে সহজলভ্য ও সুলভে উন্নত চক্ষু চিকিৎসা পরিষেবা পৌছে দিতে এই উদ্যোগ গ্রহন করা হয়েছে । উদ্বোধনী অনুষ্ঠানে গুয়াহাটীর শ্রীমন্ত শংকর দেব নেত্রালয়ের ডিরেক্টর ডক্টর হর্ষ ভট্ট াচার্য্য, সাংসদ কৃপানাথ মালা , বিধায়ক মিলন দাস , বিধায়ক জুবাইর আনম মজুমদার , জেলা আয়ুক্ত জয় বিকাশ প্রমূখ উপস্থিত থাকবেন ।

---

শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শিলচর দাস কলোনী পঞ্চায়েত রোডে সড়ক সংস্কার কাজের জন্য , এই সড়ক দিয়ে আগামীকাল থেকে ১৬ই সেপ্টেম্বর পর্য্যন্ত সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । বিজ্ঞপ্তীতে জনসাধারনকে এই সময়কালে বিকল্প সড়ক ব্যবহার করতে অনুরোধ করা হয়েছে ।

---

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতায় চর্তুথ দল হিসেবে কোয়াটার ফাইনালে প্রবেশ করেছে জামিরখাল এফ সি । গতকাল অনুষ্ঠিত খেলায় জামিরখাল এফ সি ১-০ গোলের ব্যবধানে আরমান ফার্নিচার এফ সি মোহনখালকে পরাজিত করে কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছে ।স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় ওয়াই খাই এফ সি এবং নাহারুল ইউনাইটেড এফ সি পরস্পরের মূখোমূখি হবে ।

---